**2020/TDC/ODD/SEM/BNGL–301**
**(A/B/C)/089**

**TDC Odd Semester Exam., 2020**
**held in July, 2021**

# BENGALI

## ( Modern Indian Language )

**( 3rd Semester )**

Course No. : BNGL–301

*পূর্ণমান* : ৫০
*উত্তীর্ণমান* : ১৭

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

Arts students will answer from Option—A; Science students will answer from Option—B and Commerce students will answer from Option—C

## OPTION—A

( For Arts Students)

Course No. : BNGL–301 (A)

**( উনিশ শতকের বাংলা সাহিত্য )**

১। কোন্ পত্রিকায়, কত সালে কমলাকান্তের আত্মপ্রকাশ ঘটেছিল? 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধগ্রন্থটি কোন্ শ্রেণির রচনা তা তোমার পঠিত রচনাগুলি অবলম্বন করে বুঝিয়ে দাও। (১+১)+১২=১৪





অথবা

২। 'কমলাকান্তের দপ্তর'-এ 'মনুষ্যফল' প্রবন্ধে লেখক 'দেশী হাকিম' ও 'দেশহিতৈষী'দের কী কী বলে উল্লেখ করেছেন? "'মনুষ্যফল' রচনাটিতে রূপকের মাধ্যমে বঙ্কিমচন্দ্র সমাজের কিছু সংখ্যক মানুষকে ফলরূপে কল্পনা করেছেন এবং তাঁদের স্বভাবগত নেতিবাচক দিকগুলিকে ব্যঙ্গের কশাঘাতে জর্জরিত করেছেন।" রচনাটি অনুসরণে বিষয়টি বিস্তৃত করো। ২+১২=১৪

৩। রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' ছাড়া আরও দুটি কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো। "এ পারেতে ছোটো খেত, আমি একেলা" —কোন্ কবিতার অংশ? "এই অপরিচিত অথচ পরিচিত মানব সংসারকে আমাদের যাহা কিছু সমস্ত দিয়া যাইতে হইবে।" কবিগুরুর এই উক্তি অবলম্বনে 'সোনার তরী' কবিতার অন্তর্নিহিত অর্থ পরিস্ফুট করো। ২+১+১১=১৪

অথবা

৪। 'দেউল' কবিতাটি কোন্ মন্দির দেখে রচিত হয়েছিল? কবিতাটি কত সালে রচিত হয়েছিল? কবিতাটিতে কবিমনের যে ভাবনার প্রকাশ ঘটেছে সে সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

৫। বিশ্বসংসারের বৃহৎ বাজারে কমলাকান্ত প্রথম কোন্ দোকানে গিয়েছিলেন? 'বাংলা সাহিত্য'কে কমলাকান্ত কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন? "অতএব এই বিশ্বসংসার একটি বৃহৎ বাজার—সকলেই সেখানে আপনাপন দোকান সাজাইয়া বসিয়া আছে। সকলেরই উদ্দেশ্য মূল্যপ্রাপ্তি।" লেখকের এই উক্তির তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

**অথবা**

৬। ‘‘আমি পরানের সাথে খেলিব আজিকে মরণখেলা
_____।’’
( শূন্যস্থান পূর্ণ করো )

কোন্ স্থানে বসে কবি ‘ঝুলন’ কবিতাটি রচনা করেছেন? ‘ঝুলন’ কবিতায় কবির মৃত্যুচেতনা সম্বন্ধে আলোচনা করো।

১+১+১২=১৪

৭। টীকা লেখো (যে-কোন **দুটি**) : ৪×২=৮

(ক) ‘কমলাকান্তের দপ্তর’-এ হাস্যরস

(খ) ‘বসন্তের কোকিল’

(গ) ‘বসুন্ধরা’ কবিতায় কবির মর্ত্যপ্রীতি

(ঘ) আদিজননী সিন্ধু

(ঙ) নসীরাম বাবু





## OPTION—B

( For Science Students)

Course No. : BNGL–301 (B)

**( বিশ শতকের বাংলা সাহিত্য )**

১। ‘‘ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়
বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিল পায়।’’

কে, কেন সেদিন ইন্দ্রের সভায় নৃত্য করেছিল? ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতায় গ্রাম-বাংলার জীবন ও প্রকৃতির যে চিত্র প্রতিফলিত হয়েছে তা তোমার নিজের ভাষায় বর্ণনা করো।

(১+১)+১২=১৪

**অথবা**

২। ‘রূপসী বাংলা’ কাব্যগ্রন্থটির রচনাকাল কত? এই কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছেন? ‘‘প্রকৃতির নির্জন, প্রচ্ছন্ন রূপের মধ্যে জীবনানন্দ তাঁর রূপকথা সৃষ্টি করেছেন।’’ কবি-সমালোচক বুদ্ধদেব বসুর এই মন্তব্য ‘আকাশে সাতটি তারা’ কবিতা সম্পর্কে কতখানি গ্রহণযোগ্য, আলোচনা করো।

১+১+১২=১৪

৩। ‘‘এই বইখানি তোমার নামের সঙ্গে যুক্ত করেছি।’’ উক্তিটি কার? ‘বিশ্ব পরিচয়’ গ্রন্থটি কার নামের সঙ্গে যুক্ত করা হয়? ‘বিশ্ব পরিচয়’ গ্রন্থের অন্তর্গত ‘নক্ষত্রলোক’ প্রবন্ধের মূল বক্তব্য তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১+১+১২=১৪

অথবা

৪। ‘বিশ্ব পরিচয়’ ছাড়া রবীন্দ্রনাথের অন্য যে কোনো একটি প্রবন্ধ-গ্রন্থের নাম লেখো। গ্রন্থের ভূমিকা অংশে রবীন্দ্রনাথ একটি চিঠি সংযোজন করেছেন। চিঠিটি কাকে উদ্দেশ্য করে লেখা? ‘‘প্রকাশলোকের অন্তরে আছে যে অপ্রকাশলোক, মানুষ সে গহনে প্রবেশ করে বিশ্ব ব্যাপারের মূল রহস্য কেবলই অবারিত করেছে।’’ এই উক্তির আলোকে ‘বিশ্ব পরিচয়’ গ্রন্থের পঠিত প্রবন্ধগুলির ভাববস্তু আলোচনা করো। ১+১+১২=১৪

৫। নিম্নলিখিত বিষয় অবলম্বনে টীকা লেখো (যে-কোন **দুটি**) : ৫×২=১০

(ক) ‘গোলপাতা ছাউনির বুক চুমে’ কবিতায় প্রাকৃতিক অনুষঙ্গ

(খ) ‘আবার আসিব ফিরে’ কবিতায় বর্ণিত কবির কাঙ্ক্ষিত বিভিন্ন রূপের পরিচয়

(গ) রবীন্দ্রনাথের দৃষ্টিতে ‘গ্রহলোক’

(ঘ) ‘বিশ্ব পরিচয়’ গ্রন্থ অবলম্বনে প্রাবন্ধিক রবীন্দ্রনাথের বৈশিষ্ট্য

৬। নিম্নলিখিত বৈজ্ঞানিক শব্দগুলির বাংলা পরিভাষা লেখো (যে-কোন **বারোটি**) : ১×১২=১২

Cosmic ray, Catalyst, X-ray, Atom, Robot, Spacecraft, Magnetic energy, Calcium, Frequency, Barometer, Mass media, Comet, Spectrum, Mirage, Astrophysics, Acceleration.





## OPTION—C

( For Commerce Students)

Course No. : BNGL–301 (C)

**( বাংলা গদ্য ও ব্যাকরণ )**

১। (ক) ‘বিচিত্র প্রবন্ধ’ ছাড়া রবীন্দ্রনাথ রচিত যে কোনো দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো। ‘বিচিত্র প্রবন্ধ’ গ্রন্থে মোট কয়টি প্রবন্ধ আছে? এই গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়? ‘পাগল’ প্রবন্ধে লেখক পাগলের যে স্বরূপ উদ্‌ঘাটিত করেছেন তা বিশ্লেষণ করে দেখাও। ২+১+১+১০=১৪

অথবা

(খ) ‘পনেরো আনা’ প্রবন্ধে রবীন্দ্রনাথ মানুষকে কয় শ্রেণিতে ভাগ করেছেন? শ্রেণিগুলি কী কী? কোন্ শ্রেণির মানুষের সংখ্যা অল্প? ‘পনেরো আনা’ মানুষের জীবন যে হেয় নয়, বরং তা বিধাতার ঐশ্বর্যকে সপ্রমাণ করে, উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে তা প্রতিষ্ঠিত করো। ১+২+১+১০=১৪

২। (ক) ‘কেকাধ্বনি’ প্রবন্ধটি কোন্ পত্রিকায়, কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল? ‘কেকাধ্বনি’ শব্দের অর্থ কী? সৌন্দর্যতত্ত্ব সম্পর্কিত রবীন্দ্রনাথের সুগভীর উপলব্ধির পরিচয় ‘কেকাধ্বনি’তে অতি সহজ বর্ণনা-কৌশলে প্রকাশিত হয়েছে। আলোচনা করো। ১+১+১+১১=১৪

**অথবা**

(খ) বররুচি কে ছিলেন? রবীন্দ্রনাথ 'বাজে কথা' প্রবন্ধে লিখেছেন—''টেনিসন যে idle tears, যে অকারণ অশ্রুবিন্দুর কথা বলিয়াছেন, 'মেঘদূত' সেই বাজে চোখের জলের কাব্য।'' টেনিসন কে? 'মেঘদূত' কার লেখা? 'বাজে কথা' প্রবন্ধের মূল বক্তব্য পরিস্ফুট করো।

১+১+১+১১=১৪

৩। বাণিজ্যিক পত্র রচনা করো (যে-কোন **একটি**) : ১২

(ক) কোনো সওদাগরী প্রতিষ্ঠানে হিসাবরক্ষক পদের জন্য দরখাস্ত করে একটি আবেদনপত্র রচনা করো।

(খ) নিজস্ব কোনো ব্যবসা প্রতিষ্ঠান স্থাপনের উদ্দেশ্যে কোনো রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের স্থানীয় শাখায় কর্তৃপক্ষের কাছে পঞ্চাশ হাজার টাকা ঋণ চেয়ে একটি আবেদনপত্র রচনা করো।

৪। বাংলা পরিভাষা লেখো (যে-কোন **দশটি**) : ১×১০=১০

Index number, Auction, Balance sheet, Bad coin, Blue book, Debenture, Client, Equitable asset, Hallmark, Bill, Subsidy, Dearness allowance, Surplus, Compound interest.

★★★